গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিসিসি ভবন, ৫ম তলা, আগারগাঁও, ঢাকা।
ফ্যাক্স নং ৮১৮১৫৬৫; URL : www.ictd.gov.bd

নং-৫৬.০০.০০০০.০২৯.৩৭.০০৪.১৪-১৭৯ তারিখঃ ০৮.০৩.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ দেশের সকল উপজেলা পর্যায়ে ডিজিটাল মেলা আয়োজনে অনুসরণীয় পদ্ধতি।

এ বিভাগের অধীনে অনুষ্ঠান/উৎসাবাদি খাতে বরাদ্দকৃত অর্থ থেকে দেশের সকল উপজেলায় "ডিজিটাল মেলা" আয়োজন করার লক্ষ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করা হবেঃ-

০২। উপজেলা পরিষদের সমন্বয় সভায় আলোচনা করে উপজেলা পরিষদের চেয়ারম্যানকে অবহিত করে উপজেলা ডিজিটাল মেলা অনুষ্ঠানের জন্য উপজেলায় কর্মরত সকল দপ্তরের কর্মকর্তা, শিক্ষক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি কমিটি গঠন করে কমিটির সহায়তায় উপজেলা নির্বাহী অফিসারগণ মেলা আয়োজন করবেন।

০৩। নিম্নলিখিত বিষয়সমূহ লক্ষ্য রেখে ডিজিটাল মেলা বাস্তাবায়ন করতে হবে :

I. ৩১ মার্চ ২০১৫ মাসের মধ্যে ডিজিটাল মেলা করতে হবে;
II. জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট জেলার অন্তর্ভুক্ত উপজেলা সমূহের মধ্যে সমন্বয় করে মেলার তারিখ নির্ধারণ এবং সার্বিক ব্যবস্থাপনার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করবেন;
III. মেলায় শিক্ষা প্রতিষ্ঠানসূহের জন্য শিক্ষা কর্নার, সরকারের বিভিন্ন আইটি সেবা সংক্রান্ত বিষয় সমূহ উপস্থাপনের জন্য আইটি সার্ভিস কর্ণার, ই-কমার্স কর্নার এবং আইটি খাতে কর্মরত উদ্যোক্তাদের জন্য ফ্রিল্যান্সিং কর্ণার থাকবে;
IV. মেলায় মাননীয় সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, বিশিষ্ট শিক্ষাবিদ. জনপ্রতিনিধিগণ ও সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাদের মধ্য থেকে আগ্রহী ব্যক্তি / ব্যক্তিগণকে অতিথি হিসেবে আমন্ত্রণ জানাতে হবে;
V. মেলাকে আকর্ষণীয় করার জন্য উপজেলা কমিটি স্থানীয় উদ্যোক্তা কিংবা কোন প্রতিষ্ঠানকে স্পন্সর বা পার্টনার হিসেবে গ্রহণ করে যৌথভাবে মেলা আয়োজন করতে পারবে;
VI. স্কুল, কলেজসহ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের মাঝে ইন্টারনেট এবং ইন্টারনেট ভিত্তিক সেবা সমূহ যেমন ই-মেইল আইডি খোলা, ইমেইল আদান-প্রদান, গুগল ডক্স, ড্রপবক্স সহ বিভিন্ন ক্লাউড ভিত্তিক সেবা এবং ই-লার্নিং সাইট যেমন shikkhok.com, শিক্ষক বাতায়ন ইত্যাদি বিষয়ে হাতে কলমে শেখানো এবং সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি পৃথক বুথ স্থাপন করতে হবে;
VII. স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাদের আগ্রহ সৃষ্টি হয় এমন বিষয়বস্তু ডিজিটাল মেলায় সম্পৃক্ত করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মেলায় এনে বিভিন্ন ই-সেবা, বিশেষ করে মাল্টিমিডিয়া ক্লাশরুম এবং শিক্ষকদের তৈরি ডিজিটাল কনটেন্ট দেখাতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট দেখানোর পরিবর্তে কনটেন্ট দেখালে শিক্ষার্থীরা উপকৃত হবে;
VIII. উপজেলার মধ্যে আইটি/আইটিইএস/সিএসই বিভাগ রয়েছে এমন শিক্ষা প্রতিষ্ঠান (টিএসসি/টিটিসি/পলিটেকনিক ইন্সটিটিউট) এর শিক্ষক ও শিক্ষার্থীদের মেলায় সম্পৃক্ত করতে হবে;
IX. স্থানীয় আইটি /আইটিইএস বেসরকারি প্রতিষ্ঠানগুলো যাতে মেলায় অংশ নেয় এর জন্য তাদেরকে উৎসাহিত করতে হবে;
X. মেলায় অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে এমন অবকাঠামোকে প্রাধান্য দিতে হবে যা পুনরায় ব্যবহার করা যায়;
XI. মেলায় উপজেলা পর্যায়ের অফিস প্রধানগণ উপস্থিত থেকে স্ব-স্ব সেবা প্রদর্শন এবং তার কার্যালয়ের সকল কর্মকর্তার উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করবেন;
XII. প্রতিটি ইউআইএসসি আলাদা আলাদা স্টলের মাধ্যমে তাদের সেবা প্রদর্শন করবে;

XIII. মেলায় স্থানীয় ছোট ছোট বিষয় যা সুনির্দিষ্ট বা গুরুত্বের সাথে উপস্থাপনযোগ্য এমন বিষয়ে অথবা ডিজিটাল বিষয়ক সেমিনার/ওয়ার্কসপ অবশ্যই রাখতে হবে;

XIV. উদ্যোক্তাদেরকে হাতে কলমে ইউআইএসসি ব্লগ, অনলাইন মনিটরিং টুলে তথ্য আপলোড বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে;

XV. ইউআইএসসি স্টল থেকে মোবাইল ব্যাংকিং, মাটি পরীক্ষা ও সারের সুপারিশ, বিদ্যুৎ বিল পরিশোধ, জীবন বীমা সুবিধা এবং বেসরকরী শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ভাতা ও অবসর সুবিধা ভাতা অনলাইনে কিভাবে পাওয়া যায় সেটি হাতে-কলমে দেখাতে হবে;

XVI. মেলার একাধিক স্টল থেকে সাধারণ দর্শনার্থী-শিক্ষার্থীদের ই-মেইল আইডি খোলার ব্যবস্থা রাখতে হবে। প্রিন্ট করা লিফলেট-ফোল্ডারের পরিবর্তে সফটকপি ই-মেইলে দিতে হবে;

XVII. মেলায় আউটসোর্সিং এ আগ্রহী ইউআইএসসি উদ্যোক্তা, তরুণ শিক্ষার্থীদের জন্য "লার্নিং এন্ড আর্নিং" প্রশিক্ষণ এর আয়োজন করতে হবে;

XVIII. জেলা তথ্য অফিসারকে মেলায় সম্পৃক্ত করে মেলায় প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার উপস্থিতি নিশ্চিত করতে হবে। মেলা স্থানীয় কেবল টিভিতে সরাসরি সম্প্রচার করতে হবে;

XIX. ওয়েবকাস্ট এর ব্যবহারের সুযোগ গ্রহণ করতে হবে যাতে ব্যাপক প্রচার-প্রসার হয়। কমিউনিটি রেডিও এবং স্থানীয় টিভি চ্যানেল থাকলে তাদের ব্যবহার করতে হবে;

XX. মেলা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে;

XXI. মেলা শেষে উল্লেখযোগ্য বিষয়গুলো জেলা/উপজেলা/ইউনিয়ন তথ্য বাতয়নে আপলোড করতে হবে;

XXII. বরাদ্দকৃত অর্থের বিল ভাউচারাদি প্রদান করে মে ২০১৫ মাসের মধ্যে অর্থ সমন্বয় করতে হবে;

XXIII. উপরোক্ত বিষয়াদি ছাড়াও মেলা কমিটির বিবেচনায় উপযুক্ত যে কোনো বিষয় অন্তর্ভুক্ত করা যেতে পারে;

XXIV. মেলা সমাপ্তির পর সমাপনী প্রতিবেদন ০১ মাসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। দেশের প্রতিটি উপজেলাতে ডিজিটাল মেলা আয়োজনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ২৫০০০/- (পচিঁশ হাজার) টাকা বরাদ্দ দেয়া হবে। উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে অর্থ উত্তোলনপূর্বক ডিজিটাল মেলা সম্পাদন এবং ভাউচারাদি প্রদান করে বিলের অর্থ সমন্বয় করবেন এবং জেলা প্রশাসক ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অবহিত করবেন।

০৫। উপর্যুক্ত গাইডলাইন অনুসরণপূর্বক উপজেলা ডিজিটাল মেলা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা গেল।

০৮/০৩/১৫

মোঃ মঞ্জুর কাদির
উপসচিব
(অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন)

বিতরণ:

১. বিভাগীয় কমিশনার (সকল)................বিভাগ।
২. জেলা প্রশাসক (সকল)..................জেলা (উপজেলা ডিজিটাল মেলা আয়োজনের প্রস্তুতি গ্রহণের অনুরোধসহ)।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)............উপজেলা (মেলা আয়োজনের প্রস্তুতি গ্রহণের অনুরোধসহ)।
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)............উপজেলা।